

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫০৮

পর্ব-১৬: কিসাস (প্রতিশোধ) (کتاب القصاص)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - দিয়াত (রক্তপণ)

### আরবী

وَعَن سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَضَى فِي الْجَنِينِ يُقْتَلُ فِي بَطْنِ أُمِّهِ بِغُرَّةٍ عَبْدٍ أَوْ وَلِيدَةٍ. فَقَالَ الَّذِي قُضِيَ عليهِ: كيفَ أَغْرَمُ مَنْ لَا شَرِبَ وَلَا فِي بَطْنِ أُمِّهِ بِغُرَّةٍ عَبْدٍ أَوْ وَلِيدَةٍ. فَقَالَ الَّذِي قُضِيَ عليهِ: كيفَ أَغْرَمُ مَنْ لَا شَرِبَ وَلَا أَكُلَ وَلَا اسْتَهَلَّ وَمِثْلُ ذَلِكَ يُطَلُّ. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّمَا هَذَا مِنْ إِخْوَانِ الْكُهَّانِ» . رَوَاهُ مالكُ وَالنَّسَائِيِّ مُرْسلا

#### বাংলা

৩৫০৮-[২৩] সা'ঈদ ইবনু মুসাইয়াব (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম মায়ের পেটে থাকাবস্থায় গর্ভস্থিত ভ্রূণ হত্যার রক্তপণস্বরূপ একটি গোলাম বা বাঁদী মুক্ত করার নির্দেশ দিয়েছেন। অতঃপর রক্তপণে অভিযুক্ত বলে উঠল, আমি কি কারণে এরূপ রক্তপণ আদায় করব? যে কক্ষনো পান করেনি, কিছু খায়নি, কথাও বলেনি এবং কাঁদেওনি- এ জাতীয় হত্যার অপরাধ তো শাস্তিযোগ্য নয়। এতদশ্রবণে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ লোকটি তো গণক গোত্রের একজন। (মালিক ও ইমাম নাসায়ী [রহঃ] হাদীসটি মুরসাল সানাদে)[1]

## ফুটনোট

[1] সহীহ : মালিক ১৬৫৯, নাসায়ী ৪৮১৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: গর্ভস্থিত সন্তান হত্যা করলে কী বিধান হবে তা আগেও বর্ণনা করা হয়েছে, এ হাদীসেও সেই কথাই বলা হয়েছে যে. পেটের সন্তান হত্যা করলে একটি দাস বা দাসী দিয়াত দিতে হবে।

এখানে আরো একটি বিষয় উল্লেখ্য যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ফায়সালা শুনার পর যার বিপক্ষে রায় গিয়েছিল সে ছন্দাকারে কিছু কথা বলেছিল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে তিরস্কার করে



গণকের ভাই বলেছিলেন। এর কারণ এটা ছিল যে, ছন্দাকারে কথা বলেছিল যাতে অন্যায়কে সমর্থন করা হয়েছিল। পক্ষান্তরে ছন্দের মধ্যে যদি ন্যায়কে সমর্থন করা হয় তবে তা বৈধ। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও মাঝে মধ্যে ছন্দাকারে কথা বলতেন। যেমন তিনি দু'আর মধ্যে বলতেন,

কিন্তু তিনি লোকটিকে তিরস্কার করেছিলেন এজন্য যে, সে নাবীর ফায়সালাকে মানতে রাজি ছিল না। (শারহেন্ নাসায়ী ৪র্থ খন্ড, হাঃ ৪৮৩৫; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন